মেহেরপুরে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের লিফলেট বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় সামনে থেকে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ শুরু হয় এবং কাথুলী তেল পাম্পের সামনে গিয়ে শেষ হয়।

লিফলেট বিতরণে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা

মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, ছাত্রনেতা ইউনুস আলী, ছাত্রনেতা ইব্রাহিম, সপুরা খাতুন সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এবারও সরকারকে পৃথিবীর সকল মহল সমর্থন দেবে: হানিফ

এবারও সরকারকে পৃথিবীর সকল মহল সমর্থন দেবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া সদর আসনের নৌকার প্রার্থী মাহবুবউল আলম হানিফ। তিনি বলেন, ‘নির্বাচনের পর দেশী- বিদেশী সব মহলের সমর্থন নিয়েই দেশ পরিচালনা করবে সরকার’।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া শহরের পিটিআই রোডে নিজ বাস ভবনে নির্বাচন নিয়ে দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, ২০১৪ সালেও বিএনপি বলেছিলো নির্বাচনের পর সরকারকে কেউ বৈধতা দেবে না। কিন্তু তারপর ১০ বছর কেটে গেছে।

হানিফ বলেন, নির্বাচনের পরে সরকারের বৈধতা নিয়ে মিথ্যাচার করে মানুষকে বিভ্রান্ত করা যাবে না। এবারও জনগণের ভোটে নির্বাচিত গণতান্ত্রিক সরকারকে পৃথিবীর সকল মহল সমর্থন দেবে। এ ক্ষেত্রে কোন বিশেষ একটি মহলকে যদি কেউ ম্যানেজ করতে পারে, তবে সেটা নিয়ে ভাবার কিছু নেই।

পরে সদর উপজেলার উজানগ্রাম এলাকায় গণসংযোগ, পথসভা ও নির্বাচনী সভায় অংশ নেন নৌকার এই প্রার্থী মাহবুব উল আলম হানিফ বলেন, মাহবুবউল আলম হানিফ বলেন- জনপ্রতিনিধিদের কাছে জনগনের চাওয়া পাওয়া থাকে এলাকার রাস্তা ঘাট, স্কুল, কলেজ, শিক্ষার মান উন্নয়নসহ এলাকায় শান্তি। কুষ্টিয়া এক সময় ছিলো উন্নয়ন বঞ্চিত, দেশের অন্য জেলার থেকে কুষ্টিয়া পিছিয়ে ছিলো। আমার চিন্তা ভাবনা

ছিলো কুষ্টিয়াকে ঢেলে সাজানো। বঙ্গবন্ধু কণ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নত অগ্রগতিতে এগিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় পিছিয়ে পড়া কুষ্টিয়াকে এগিয়ে নেওয়ার চেষ্টা করেছি। বর্তমানে এ জেলার যে উন্নয়ন করা সম্ভব হয়েছে তা সিমিত। আগামী দিনে এই জেলাকে আধুনিক মডেল জেলা গড়ে তুলতে সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রয়োজন।

এসময় কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, কুষ্টিয়া প্রেসক্লাব (কেপিসি)’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ ছাত্র লীগের সহ-সভাপতি বাধন, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক রেজাউল হকসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর বাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার ১

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ায় স্বতন্ত্র ঈগল প্রতীকের প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার এক কর্মীর বাড়িতে হামলার ঘটনায় রতন আলী
(৩২) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সোমবার সকাল ১১ টার দিকে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত রতন আলী উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের হাটুভাঙা গ্রামের বাবলুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ঈগল প্রতীকের পক্ষে কাজ করেন আমীর আলী তার ছেলে লিটন আলী। গত রবিবার রাতে আওয়ামীলীগের নৌকা প্রতিক প্রার্থীর কর্মীরা ১৫-২০ মোটরসাইকেল শো-ডাউন নিয়ে মিছিল করেন। ওই মিছিলে থাকা লোকজন লিটনের বাড়িতে অতর্কিত ভাবে হামলা চালায়। এতে বাড়ির বিভিন্ন জায়গায় হামলা চালালেও বাড়িতে থাকা আলমসাধু গাড়ি ভেঙে ক্ষয়ক্ষতি করেন। ওই ঘটনায়

এলাকাজুড়ে থমথমে বিরাজ করে। রবিবার রাতেই লিটন আলী বাদি হয়ে জিনারুল বিশ্বাসসহ ১৬ জনের নাম উল্লেখ করে ৮০-৯০ জনের বিরুদ্ধে মামলা করেন। ওই মামলায় গতকাল সোমবার সকাল ১১ টার রতন আলী নামে নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া জানান, লিটন আলী নামের এক যুবক বাদি হয়ে ১৬ জনের নাম উল্লেখ করে মামলা করেছে। এজাহারীয় আসামী রতন আলী নামের নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে চুয়াডাঙ্গা আদালতে পাঠানো হয়েছে।

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ সোমবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আ খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ও সাবেক ইউপি সদস্য আনারুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ

সম্পাদক গোলাম মোস্তফা, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি আরিফুল ইসলাম আরিফ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় নৌকার প্রার্থীর ছেলুনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকের মধ্যে হামলা এবং আওয়ামী লীগ নেতা গ্রেফতারের ঘটনায় সংবাদ সম্মেলন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে এ সম্মেলনের আয়োজন করা হয়।

এতে লিখ্তি বক্তব্যে নৌকার প্রার্থী ও বর্তমান সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, কয়েকদিন ধরে চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ও পদ্মবিলা ইউনিয়ন এলাকায় একজন স্বতন্ত্র প্রার্থীর কর্মীরা নৌকা মার্কার প্রার্থীর বিরুদ্ধে সরাসরি নৌকার প্রার্থীর নামে ব্যক্তিগতভাবে গালাগালী করে উত্তেজনা ছড়াচ্ছিলেন। এ ঘটনায় সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের ইনচার্জ হারুন-অর-রশিদ তাদের সাথে যুক্ত হয়ে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করছেন।

গত ২৩ ডিসেম্বরের রাতে ভান্ডারদহ গ্রামে নৌকার পক্ষে মিছিল বের হলে মিছিলের পিছন থেকে ঈগল মার্কা স্বতন্ত্র প্রার্থীর উপস্থিতিতে তার সমর্থকেরা গালাগালী করতে থাকে। একপর্যায়ে তাদের কর্মিরা অতর্কিত হামলা করে।

স্থানীয় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে নৌকার প্রার্থী আরও বলেন, সেখানে পুলিশ পৌঁছালে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান আলী আহম্মেদ হাসানুজ্জামান

মানিকসহ ৫ জনকে আটক করা হয়। পরে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে একজনকে বাদী সাজিয়ে মামলা করা হয়।

সংবাদ সম্মেলনে সরোজগঞ্জ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই হারুন-অর-রশিদকে অবিলম্বে প্রত্যাহার এবং বিশৃঙ্খলা সৃষ্টির মূল হোতা আবু তাহের বিশ্বাসকে অবিলম্বে গ্রেপ্তার ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

মেহেরপুরে নৌকার পক্ষে জাতীয় পার্টির একাংশের সমর্থন সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির রওশন এরশাদের নেতা কর্মীরা আগামী ৭ ই জানুয়ারি আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের নির্বাচনী সমর্থন সভার আয়োজন করেছে।

আজ সোমবার (২৫ ডিসেম্বর) রাতে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ডে এ নির্বাচনী সমর্থন সভার আয়োজন কর হয়।

কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ মোসলেম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে সমর্থন সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনে নৌকার সংসদ সদস্য প্রার্থী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলার ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম।

এছাড়াও এসময় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব মোঃ আব্দুল রাজ্জাক, জেলা জাতীয় পার্টির নেতা মোঃ সোহরাব হোসেন ও মোঃ ওহাব আলী।

আলমডাঙ্গায় নির্বাচনী মিছিল ও পথসভায় এমপি-ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্বাচনী মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে এক নির্বাচনী গণ-মিছিল বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এর আগে-বিকেল ৩ টা থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, পৌর এলাকার ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা দলে দলে মিছিলে অংশ গ্রহন করেন। শহর জুড়ে নৌকার স্লোগানে মুখরিত হয়ে ওঠে।

নির্বাচনী মিছিলটি পায়ে হেটে পৌর শহরের আলতায়েবা মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় হাজার হাজার নেতাকর্মীদের উপস্থিতিতে জনসভায় পরিণত হয়। পথসভা অনুষ্ঠানে আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। এসময় পথসভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের নৌকা প্রতিকের প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, `আজকের এই পথসভা জনসমুদ্রে পরিণত হয়েছে। বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার জনগণ আজকে আওয়ামীলীগের নৌকা ও শেখ হাসিনার উপর সমর্থন আছে এটা আলমডাঙ্গাবাসী বুঝিয়ে দিতে সক্ষম হয়েছে। এ পথসভা , গত কয়েকদিন আগে দু-পাঁচটি লোক নিয়ে একটি মিছিল করেছিলো। তাদের উদ্দেশ্যে বলি – দেখে যান, এমপি নির্বাচন কিভাবে করতে হয়। তাদের বলি আপনারা দেখেন, বোঝেন, শেখেন এবং সঠিক লাইনে চলার চিন্তা করেন।

চুয়াডাঙ্গা-১ আসনে (চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা) সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা আওয়ামীলীগের উদ্যোগে নির্বাচনী পথসভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে তিনি আরো বলেন, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি এটাই প্রমাণ করে

সভাপতি দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, আব্দুল মালেক, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, সম্পাদক আব্দুর রাজ্জাক, বাড়াদীর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, নেছার আহমেদ প্রিন্স, পৌর যুবলীগের আসাদুল হক ডিটু, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, সোহেল রানা শাহিন, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নান ও ডা. অলোক কুমার দাসকে শোকজ

মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান ও মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলক কুমার দাস কে শোকজ করেছে জেলা নির্বাচন অনুসন্ধান কমিটি।

গতকাল রবিবার (২৪ ডিসেম্বর) মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক এবং নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও মেহেরপুরের জেলা প্রশাসক শামীম হাসানের লিখিত অভিযোগের প্রেক্ষিতেএই দুজনের বিপক্ষে পৃথক পৃথক শোকজ নোটিশ ইস্যু করেন।

জেলা নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ের সূত্রে জানা গেছে, সম্প্রতি মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.

অলোক কুমার দসকে স্ততন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান মোবাইল ফোনের মাধ্যমে হুমকি দিয়েছেন মর্মে লিখিত অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে প্রাথমিক তদন্ত শেষে ফোনালাপ সংশ্লিষ্ট উভয় পক্ষকে শোকজ করেন এইচ এম কবির হোসেন।

শোকজ নোটিশে প্রফেসর আব্দুল মান্নান কে বলা হয়েছে,’জেলা রিটার্নিং কর্মকর্তার লিখিত অভিযোগে বলে আপনি মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার অলক কুমার দাস কে মোবাইল ফোনে হুমকি দিয়েছেন।

আগামী ২৭ ডিসেম্বর (বুধবার) দুপুর ১২ টার সময় স্বশরীরে বা প্রতিনিধির মাধ্যমে নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয় উপস্থিত হয়ে কারণ দর্শানোর নির্দেশ দেয়া হলো । ‘

অপর দিকে ডা. অলোক কুমার দাস কে শোকজ নোটিশে বলা হয়েছে, ‘আপনি প্রকাশিত অডিও ক্লিপের ব্যাপারে এবং বিভিন্ন রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণ সংক্রান্ত অভিযোগের ব্যাখ্যা প্রদান করবেন। এবং আগামী ২৭ ডিসেম্বর বুধবার সকাল দশটায় নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে স্বশরীরে হাজির হয়ে সাক্ষ্য প্রদানের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো।’

সম্প্রতি সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: অলক কুমার দাস ও স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নানের কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে ভাইরাল হয়।

দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই: হানিফ

দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

তিনি বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

সোমবার সকালে কুষ্টিয়া-৩ সদর আসনে নৌকা প্রতীকের প্রার্থী মাহবুবউল আলম হানিফ শহরের পিটিআই রোডে নিজ বাস ভবনে জাতীয় পার্টির নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে তিনি সাংবাদিকদের সাখেথ আলাপকালে এসব কথা বলেন।

তিনি বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কুষ্টিয়ায় এখন পর্যন্ত তেমন কোন সংঘর্ষ, সংঘাত হয়নি। দু একটি ছোট ঘটনা যা ঘটছে তা সামাজিক বিরোধ থেকে হয়েছে।

আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, নির্বাচন নিয়ে সংঘাতের কথা বলার আগে বিএনপি গোষ্ঠী নিজেরা যে সন্ত্রাসী দল হয়ে গেছে সেটা স্বীকার করতে হবে। তারা সন্ত্রাসী কর্মকান্ড চালিয়েই যাচ্ছে।

পরে তিনি কাঞ্চণপুর এলাকায় গণসংযোগ, পথসভা ও নির্বাচনী সভায় অংশ নেন

হরিণাকুণ্ডুতে স্বতন্ত্র প্রার্থী মহুলের গণসংযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউপি কার্যলয়ের সামনে পৌর এলাকার আমের চারা বাজারে, জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ফলসি ইউনিয়নের ফলসিতে ব্যাপক গণসংযোগ করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

গতকাল বিকালে উপজেলার দৌলতপুর ইউনিয়ন থেকে নির্বাচনী প্রচারাভিযান শুরু করেন। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রথম সভায় বক্তব্য রাখেন ঈগল প্রতিকের

প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, সাইদুর রহমান, সাবদার রহমান ও শাহরিয়ার জাহেদী পিপুল উপস্থিত ছিলেন। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার কোন দ্বায়িত্বশীল প্রতিনিধি না হয়েও আমি জেলার মানুষকে অন্তর দিয়ে ভালোবাসি। এই জেলা আমার নয়নের মনি। এরপর আমের চারা বাজারে পথসভায় বক্তব্য রাখেন তিনি। এসভা টানু মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এসময় তার সাথে ছিলেন উপজেলা আওয়ামী সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। সন্ধ্যারপর জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় এক পথ সভা অনুষ্ঠিত হয়। জোড়াদহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পলাশের সভাপতিত্বে বক্তব্য রাখেন নাসের শাহরিয়ার জাহেদী মহুল। এসময় উপস্থিত ছিলেন মশিয়ার রহমান জোয়ারদার, এ্যাডভোকেট নজরুল ইসলাম, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন আমি তরুনদের নিয়ে কাজ করতে চায়। তরুনরা আমার প্রান। তরুনদের কর্মসংস্থান করাই আমার মূল লক্ষ্য হবে। আপনারা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাবেন যাকে ইচ্ছা তাকে ভোট দিবেন। প্রধান মন্ত্রী শেখ হাসিনা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাওয়ার নিশ্চয়তা দিয়েছেন। আপনাদের ভয়ের কোন কারণ নেই। এরপর রাতে ফলসি ইউনিয়নের ফলসীগ্রামে গণসংযোগ করেন।

এই পথসভার বক্তৃতায় নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, “উন্নয়ন দিয়ে ঝিনাইদহকে সাজাতে তিনি বদ্ধপরিকর। অন্তত ৩০ বছর ধরে আমি ও আমার পরিবার ঝিনাইদ-হরিণাকুন্ডুর মানুষকে খেদমত করে যাচ্ছি। স্কুল, কলেজ, মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের প্রচেষ্টা আরো জোরদার করা হবে। প্রতিটি পথসভায় শত শত কর্মী সমর্থক ও সাধারণ ভোটারের ঢল নামে। মহুল সাহেবকে একনজর দেখার জন্য এবং তাকে অভিনন্দন জানাতে রাস্তায় উৎসুক ভীড় জমে। এসময় নেতা কর্মীরা উৎসাহমূলক বিভিন্ন প্রখার শ্লোগান দিতে থাকেন।